# মহিলাদের স্রাব ও প্রসূতি অবস্থার বিধিবিধান সংক্রান্ত ৬০টি প্রশ্ন

বিভাগ/অধ্যায়ঃ নামাযের ক্ষেত্রে পবিত্রতা অর্জনের বিধিবিধান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

প্রশ্ন ৩৭: ঐ মহিলা কি ফজরের নামাযের অযু দিয়ে চাশতের নামায পড়তে পারবে?

উত্তরঃ না, পড়তে পারবে না। কেননা চাশতের নামাযের সময় নির্দিষ্ট। সেজন্য এই নামাযের সময় হলে তাকে আবার অবশ্যই অযু করতে হবে। তাছাড়া ঐ মহিলা ইস্তেহাযাগ্রস্ত মহিলার মত। আর ইস্তেহাযাগ্রস্ত মহিলাকে রাসূল (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) প্রত্যেক নামাযের জন্য অযু করতে বলেছেন।

*যোহরের ওয়াক্তঃ সূর্য ঢলে যাওয়ার পর থেকে আছর পর্যন্ত।

*আছরের ওয়াক্তঃ যোহরের ওয়াক্ত চলে যাওয়ার পর থেকে সূর্য হলদে হওয়া পর্যন্ত। আর যরূরী প্রয়োজনে সূর্যাস্ত পর্যন্ত।

*মাগরিবের ওয়াক্তঃ সূর্যাস্তের পর থেকে পশ্চিম দিগন্তের সান্ধ্য লালিমা অদৃশ্য হওয়া পর্যন্ত।

*এশার ওয়াক্তঃ পশ্চিম দিগন্তের সান্ধ্য লালিমা দূর হওয়ার পর থেকে মধ্যরাত পর্যন্ত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6025

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন